



ইকরা একাডেমি

[একটি ইসলামি শিশু-শিক্ষাপ্রতিষ্ঠান]

✽ ভর্তির শর্তাবলী ✽

⇒ অভিভাবক-সংক্রান্ত

১. সন্তানের লেখাপড়াকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে। নিয়মিত ও সময়মতো বিদ্যালয়ে উপস্থিতি নিশ্চিত করতে হবে। একান্ত প্রয়োজন ছাড়া ছুটি নেওয়া যাবে না।
২. ইসলামি বিধান নিজেরা মেনে চলতে হবে ও সন্তানকে মেনে চলার সুযোগ করে দিতে হবে। শিশুরা যাতে ইসলামি শিক্ষা অনুযায়ী সহজে চলতে পারে, সে জন্য বাড়িতে অনুকূল পরিবেশ তৈরি করতে হবে।
৩. অভিভাবকের দৃষ্টিভঙ্গি এমন হতে হবে যে, 'সন্তানের লেখাপড়ার সূত্রে আমি এই বিদ্যালয়ের একজন অভিভাবক এবং এখানে এটাই আমার মূল পরিচয়। বিদ্যালয়ের শিক্ষকগণ আমার সন্তানের শিক্ষক' এ বিষয়টিও সর্বদা মনে রাখতে হবে।
৪. শিশুদের পারস্পরিক আচরণকে শিশুসুলভ আচরণ হিসেবেই বিবেচনা করতে হবে। শিশুদের কোনো কাজ বা আচরণকে ভিন্নভাবে গ্রহণ করে বিদ্যালয়ে কোনো ধরনের জটিলতা সৃষ্টি করা যাবে না।
৫. কোনো অভিভাবক অন্য কারও সন্তানকে কোনো ধরনের বকাঝকা বা শাসন করতে পারবেন না, চাই সে যত বড় অন্যায়ই করুক না কেন, বিদ্যালয় কর্তৃপক্ষ বিষয়টি গুরুত্বের সাথে সমাধান করবে।

⇒ বিদ্যালয়ের খরচাদী-সংক্রান্ত

১. বিদ্যালয়ের প্রতি মাসের খরচাদী প্রতি মাসেই প্রদান করতে হবে এবং প্রতি চলতি মাসের ৭ তারিখের মধ্যে প্রদান করতে হবে। যেমন- ফেব্রুয়ারি মাসের বেতন ফেব্রুয়ারি মাসের ১ থেকে ৭ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে।
২. **অভিভাবক তার সন্তানের পড়ালেখার খরচ বাবদ বিদ্যালয়ে যে টাকা প্রদান করবেন, তা অবশ্যই বৈধ (হালাল) টাকা হতে হবে। অবৈধ বা সন্দেহযুক্ত টাকা প্রতিষ্ঠানে প্রদান করা যাবে না।**
৩. করোনা পরিস্থিতি বা অন্য কোনো কারণে বিদ্যালয়ে সশরীরে পাঠদান বন্ধ থাকলে, বিকল্প পদ্ধতিতে শিক্ষাকার্যক্রম চালু রাখা হবে। সেক্ষেত্রে অভিভাবককে মোট খরচের ৫০% অবশ্যই বহন করতে হবে।
৪. কোনো অভিযোগ থাকলে দৈনন্দিন পড়ার শীটের 'অভিভাবকের মন্তব্য' কলামে তা লিখতে হবে অথবা বিদ্যালয়ের অফিসে সরাসরি সাক্ষাৎ করে জানাতে হবে। এ ছাড়াও অভিযোগটি লিখে বিদ্যালয়ের পরিচালকের বিশেষ হোয়াটসঅ্যাপ নম্বরে ম্যাসেজ করা যাবে। তবে ফোন কলের মাধ্যমে কোনো অভিযোগ জানানো যাবে না।

⇒ পরিবহন ব্যবহার-সংক্রান্ত

১. বিদ্যালয়ের পরিবহন ব্যবহারে আগ্রহী হলে, বছরের শুরু থেকেই তা ব্যবহার করতে হবে। বছরের মাঝে হঠাৎ করে পরিবহন ব্যবহারের আবেদন করলে, বিদ্যালয় কর্তৃপক্ষের জন্য তা সম্ভব নাও হতে পারে।
২. বিদ্যালয় কর্তৃক নির্ধারিত রুটের বাইরে বা পরিবহন চলাচলের অনুপযোগী রাস্তায় ইজিবাইক সেবা পাওয়ার আবেদন করা যাবে না। এমনকি কোনো বাড়তি সুবিধা দেখিয়েও আবেদন করা যাবে না।

✱ বিদ্যালয়ের বিভিন্ন খরচাদী ✱

ভর্তিকালীন খরচাদী

ভর্তি ফি	১০০০/-
পড়ার শীট (পূর্ণ বছরের)	১০০০/-
লেখার শীট (পূর্ণ বছরের)	১০০০/-
১ সেট বই, ফাইল, আইডি কার্ড, রুটিন ইত্যাদি	৮০০/-
ভর্তির সময় মোট জমা দিতে হবে।	
	৩৮০০/-

✱ মাসিক বেতন ✱

প্লে গ্রুপ	৫৫০/-
------------	-------

- ইজিবাইক ভাড়া : দূরত্ব অনুসারে ৬০০/-, ৮০০/-, ১০০০/-, টাকা থেকে ১৫০০ টাকা।
- পরিক্ষা ফি : প্লে গ্রুপ : ৩০০/- (বছরে ৩ টি পরিক্ষা) ।
- বিশেষ দ্রষ্টব্য :

উপরোক্ত ভর্তিকালীন হিসাবের মধ্যে জানুয়ারি মাসের বেতন ও ইজিবাইক ভাড়া অন্তর্ভুক্ত নয়।
তাই শিক্ষার্থীদের জানুয়ারি মাসের খরচ ক্লাস শুরুর ১ম সপ্তাহের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।

✱ পরিবহন রুট ✱

পরিবহন ভাড়া	⇒ গণবিদ্যালয় = ৬০০/- ⇒ খানজাহান আলী মাজার মোড় = ৬০০/- ⇒ জিন্দাপীর, সৈয়দ আলীর তেমাথা = ৬০০/- ⇒ ষাটগম্বুজ = ৮০০/- ⇒ রণবিজয়পুর মোড় = ৮০০/- ⇒ পাটরপাড়া স্কুল মোড় = ৮০০/- ⇒ বারাকপুর ও মগরা বাজার = ১০০০/- ⇒ দরিতালুক, বাদামতলা, নোনাডাঙ্গা ও দশগম্বুজ = ১০০০/- ⇒ হাড়িখালি = ১৫০০/- ⇒ মোল্লাপাড়া, পাটরপাড়া (মুসা মেম্বার বাড়ি এলাকা), পশ্চিমডাঙ্গা = ১৫০০/-
--------------	---